

রোকেয়ায় ভর্তি পরীক্ষার সময় ছাত্রলীগ-ছাত্রদল সংঘর্ষ ককটেল বিস্ফোরণ, আহত ২০

■ রংপুর অফিস
বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে গতকাল বৃহস্পতিবার ছাত্রলীগ ও ছাত্রদলের মধ্যে সংঘর্ষে ২০ জন আহত হয়েছেন। ভর্তি পরীক্ষার্থীদের স্বাগত জানানোর মিছিল বের করা নিয়ে এ সংঘর্ষের সূত্রপাত ঘটে। পরিস্থিতি নিয়ন্ত্রণে ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

পুলিশ ও বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, গতকাল বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষ অনার্স ভর্তি পরীক্ষা শুরু হয়েছে। পরীক্ষার সময় দুপুর সাড়ে ১২টার দিকে ছাত্রলীগ ভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থীদের স্বাগত জানিয়ে ক্যাম্পাসে মিছিল বের করে।

ছাত্রদলও মিছিল নিয়ে ক্যাম্পাসে প্রবেশ করতে চাইলে পুলিশ বাধা দেয়। পুলিশের বাধা উপেক্ষা করে তারা মিছিল নিয়ে ক্যাম্পাসে ঢোকে। মিছিলটি শহীদ মিনারের কাছাকাছি পৌঁছলে বিপরীত দিক থেকে ছাত্রলীগের মিছিল আসে। মিছিল দুটি মুখোমুখি হলে শুরু হয় ধাওয়া-পান্টা ধাওয়া ও সংঘর্ষ। এ সময় ১০টি ককটেলের বিস্ফোরণ ঘটানো হয়। পরীক্ষা দিতে আসা শিক্ষার্থীদের আত্মীয়-স্বজন ও ওভাকাঙ্কীরা ভয়ে ছোটোছুটি করতে থাকেন। পরীক্ষার্থীরাও ভীত হয়ে পড়েন। পরে পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এ সময় ছাত্রদল ক্যাম্পাসের পৃষ্ঠা ১৫ : কলাম ৮

রোকেয়ায় ভর্তি

[শেষ পৃষ্ঠার পর]

বাইরে অবস্থান নেয়। সংঘর্ষে হযরত বেলাল, শরীফ, ইমরান, দিয়ন, কাজল, কারিমুন, মোকহেদ, মমিন, রতন, সোমা, শামসুল, রকি, মোসলেম, নিখিলসহ ২০ জন আহত হন। তারা বিশ্ববিদ্যালয় স্নাতকোত্তর ও নগরীর বিভিন্ন ক্লিনিকে প্রাথমিক চিকিৎসা নিয়েছেন। ছাত্রলীগ বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মেহেদি হাসান শিগির বলেন, আমাদের শান্তিপূর্ণ মিছিলে ছাত্রদল লাঠিসোটা ও অস্ত্রসহ বহিরাগত এবং শিবির ক্যাডারদের নিয়ে হামলা চালায়। এতে আমাদের বেশ কয়েকজন সহকর্মী আহত হয়েছেন। তবে বিশ্ববিদ্যালয় ছাত্রদলের আহ্বায়ক হযরত বেলাল বলেন, ছাত্রলীগের সভাপতিরাই হামলা চালাচ্ছে আমাদের ওপর দোষ চাপাচ্ছে। তিনি এ ঘটনায় সূত্র তদন্ত দাবি করেন বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. একেএম নূর-উন-নবীর সঙ্গে যোগাযোগ করেও তাকে পাওয়া যায়নি। তবে বিশ্ববিদ্যালয় জনসংযোগ কর্মকর্তা মোহাম্মদ আলী জানান, দু'পক্ষের মধ্যে ধাওয়া-পান্টা ধাওয়ার কথা শুনেছি।

কোতোয়ালি থানার ওসি আবদুল কাদের জিলানী ও বিশ্ববিদ্যালয় পুলিশ ফাঁড়ির ইনচার্জ শফিকুল ইসলাম বলেন, বর্তমানে ক্যাম্পাস শান্তিপূর্ণ রয়েছে। তবে অপ্রীতিকর ঘটনা এড়াতে মোতায়েন রয়েছে বিপুলসংখ্যক পুলিশ।